



মোঃ সারোয়ার হোসাইন
উপজেলা মৎস্য অফিসার
নালিতাবাড়ী, শেরপুর।

মোঃ সারোয়ার হোসাইন ০৫ মে ২০২৪ খ্রিস্টাব্দে উপজেলা মৎস্য কর্মকর্তা, নালিতাবাড়ী, শেরপুর পদের দায়িত্বভার গ্রহণ করেন। এ কর্মস্থলে দায়িত্ব পালনের পূর্বে তিনি উপজেলা মৎস্য কর্মকর্তা, পূর্বধলা, নেত্রকোণা এবং সিলেট জেলা মৎস্য অফিসে উপসহকারী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব সারোয়ার ময়মনসিংহ জেলাধীন ভালুকা উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার ভালুকা পাইলট উচ্চ বিদ্যালয় হতে ২০০৬ সালে মাধ্যমিক এবং কৃষি বিশ্ববিদ্যালয় কলেজ, ময়মনসিংহ হতে ২০০৮ সালে উচ্চ মাধ্যমিক সম্পন্ন করেন। পরবর্তীতে তিনি **বজাবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর** হতে ২০১৩ সালে বিএসসি অনার্স ইন ফিশারিজ ডিগ্রী অর্জন করেন এবং একই বিশ্ববিদ্যালয় হতে ২০১৬ সালে এম এস ইন বায়োটেকনোলজি ডিগ্রী অর্জন করেন।

মোঃ সারোয়ার হোসাইন ৩৭ তম বিসিএস পরীক্ষার মাধ্যমে ২০১৯ সালে বিসিএস (মৎস্য) ক্যাডারে যোগদান করেন। তিনি মৎস্য অধিদপ্তরের উপজেলা মৎস্য কর্মকর্তা ও উপসহকারী পরিচালক হিসেবে বিভিন্ন কর্মস্থলে সুনামের সাথে দায়িত্ব পালন করেন।

তিনি দেশে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি মৎস্য অধিদপ্তরের বিভিন্ন মাছচাষ প্রযুক্তির প্রশিক্ষণে প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন। ব্যক্তি জীবনে তিনি একজন ছেলে সন্তানের জনক।